

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.১৩১

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

বিষয়: বদলিজনিত কারণে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকায় সন্তান ভর্তি সংক্রান্ত।
সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নং ১৪১২৩, তারিখ: ১৯/৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব জাকির হোসেন খান, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৩ এর বিপত ১৫-০৩-২০২০ তারিখের ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.১৭-১৭৬ নং প্রজ্ঞাপনমূলে ঢাকা জেলায় দুর্নীতি দমন কমিশনে (দুদক) প্রেষণে পরিচালক পদে যোগদান করেন। তাঁর কন্যা জামিরা সুহা রিদা নবাব ফয়জুলেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লায় ৪র্থ শ্রেণিতে অধ্যয়নরত ছিল। বদলিজনিত কারণে তিনি তাঁর কন্যা জামিরা সুহা রিদাকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকা এর প্রভাতী শাখার ৪র্থ শ্রেণিতে (বাংলা ভাষা) ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, বদলিজনিত কারণে জনাব জাকির হোসেন খান, পরিচালক (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), দুর্নীতি দমন কমিশন (দুদক), সেগুনবাগিচা, ঢাকা এর সন্তানকে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, বেইলী রোড, ঢাকা এর প্রভাতী শাখার ৪র্থ শ্রেণিতে (বাংলা ভাষা) ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মতোবেক।

২৩-৭-২০২০

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.১৩১/১(৫)

তারিখ: ৮ শ্রাবণ ১৪২৭
২৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব জাকির হোসেন খান, পরিচালক (অতিরিক্ত জেলা ও দায়রা জজ), দুর্নীতি দমন কমিশন (দুদক), সেগুন বাগিচা, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৩-৭-২০২০

আনোয়ারুল হক

উপসচিব